

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ২৮, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ, ১১ জ্যৈষ্ঠ ১৪১৩/ ২৫ মে ২০০৬

এস, আর, ও নং ৮৭-আইন/২০০৬/৪৫৭-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ১৮ পৌষ, ১৪০৮ বাং মোতাবেক ১ জানুয়ারী, ২০০২ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৫-আইন/২০০২/৩৩৩-মূসক রহিতক্রমে, Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) ২৪.০২ ও সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) ২৪০২.২০.০০ এর আওতাধীন উৎপাদিত তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing tobacco) এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আদায়ের উদ্দেশ্যে নিম্নবর্ণিত টেবিল এর কলাম (১) এ উল্লিখিত খুচরা মূল্য স্তরের অধীন কলাম (২) এ উল্লিখিত শলাকা সংখ্যাবিশিষ্ট কলাম (৩) এ উল্লিখিত প্রকৃতির সিগারেটের মোড়কের (প্যাকেট) গায়ে কলাম (৪) এ উল্লিখিত ডিজাইনের বিপরীতে কলাম (৫) এ উল্লিখিত স্ট্যাম্প বা ব্যান্ডরোল, জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৪৭-আইন/২০০১/৩২৪-মূসক তারিখঃ ১৯ ভাদ্র, ১৪০৮/৩ সেপ্টেম্বর, ২০০১ এর মাধ্যমে জারীকৃত আমদানিকৃত বা উৎপাদিত

( ২২৫৯ )

মূল্য : টাকা ২.০০

তামাকযুক্ত সিগারেট (প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি) আদেশ, ২০০১ এ বর্ণিত পদ্ধতিতে ব্যবহার করার নির্দেশ প্রদান করিল, যথাঃ—

## টেবিল

খুচরা মূল্য স্তর (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(৪)	(৫)
৫.২৫ টাকা হইতে ৬.২৪ টাকা পর্যন্ত	১০	শেল এন্ড স্লাইড	হালকা নীল	ব্যান্ডরোল
	১০	হার্ড এন্ড সফট	আকাশী নীল	স্ট্যাম্প
	২০	হার্ড এন্ড সফট	আকাশী নীল	স্ট্যাম্প
১০.৫০ টাকা হইতে ১২.৪৯ টাকা পর্যন্ত	১০	শেল এন্ড স্লাইড	গোলাপী	ব্যান্ডরোল
	১০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
	২০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
১৮.০০ টাকা হইতে ২৪.৯৯ টাকা পর্যন্ত	১০	হার্ড এন্ড সফট	গোলাপী	স্ট্যাম্প
	২০	হার্ড এন্ড সফট	গোলাপী	স্ট্যাম্প
	৭	হার্ড এন্ড সফট	হালকা হলুদ	স্ট্যাম্প
৩০.০০ টাকা ও ততোধিক এবং উপরি উল্লিখিত মূল্য স্তরসমূহের মূল্য ব্যতীত অন্য যে কোন মূল্য	১০	হার্ড এন্ড সফট	হালকা হলুদ	স্ট্যাম্প
	২০	হার্ড এন্ড সফট	হালকা হলুদ	স্ট্যাম্প

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ লুৎফর রহমান

দ্বিতীয় সচিব (মুসক-নীতি ও বাজেট)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।